

জহর সেনমজুমদার - এর গুচ্ছকবিতা

ঋতুবন্দী

নিরাসক্ত বিরিবিরি, ইতস্তত ধূ ধূ বালি, শ্যামছায়া কৃতাঞ্জলি, উড়ে যাই আমি
স্বপ্ন স্বপ্ন অতি স্বপ্ন, গুহাগুচ নিশীথিনী, একদিন সেইখানে মৃত্যুহীন থামি
এই তবে গৃহে ফেরা? এই তবে জলে ফেরা? সাইকেলে উঠে পড়ে যুগসন্ধি
ওই পারে মেঘ করে, এই পারে ধুলো ওড়ে, আমি তুমি সকলেই ঋতুবন্দী

বীজক্ষেত

তুই-চিরে দিলে মেঘ; ইচ্ছেমতো জল পড়ে সারাদিনরাত; ও আমার কালো কঙ্কাবতী
ফিরে আয় ফিরে আয়, মধুরিমা বিধুরতা, উর্মিমালা জায়মান, ফিরে এলে কার কিম্বা ক্ষতি
আমাদের শিমূলপ্রেমিক, আমাদের কৃষ্ণচূড়ানারী, তোর জলে বীজক্ষেত্র আর্দ্র করে দ্রুত
ফিরে আয় ফিরে আয়, গৃহহীন সন্ধ্যাবেলা, অবশেষে হয়ে যাই পরিশ্রুত
চরাচর শব্দহীন, অন্ধকার ধূ ধূ পথে আমাদের অতি প্রিয় হান্সুহানা যায়
আস্তে আস্তে গুণগুণ আস্তে আস্তে গুণগুণ, সেও বলে, আয় ফিরে আয়